

### ইসলামী বিশ্ববিদ্যালয় একাডেমিক অর্ডিন্যান্স সংশোধন

ইসলামী বিশ্ববিদ্যালয় সংবাদ-  
দাতা ॥ ইসলামী বিশ্ববিদ্যালয়  
একাডেমিক অর্ডিন্যান্স '৯৪  
আংশিক পরিবর্তন করা হইয়াছে।  
অর্ডিন্যান্সের বিশ্ববিদ্যালয় কোর্সের  
( ২য় পৃ: ৭-এর ক: স্র: )

### ইসলামী বিশ্ববিদ্যালয় ( ১ম পৃ: পর )

“বাংলা ভাষা/আরবী ভাষার”  
পরিবর্তে “কম্পিউটার সাইন্স”  
এবং নতুনভাবে ১০০ নম্বরের  
ইংরেজী ভাষা অন্তর্ভুক্ত করা  
হইয়াছে। গত রবিবার বিশ্ব-  
বিদ্যালয়ের একাডেমিক কাউন্সিলের  
এক সভায় এই সিদ্ধান্ত গৃহীত  
হয়। এই কোর্সের নম্বর অনার্স  
নম্বরের সহিত যোগ হইবে না।

উল্লেখ্য, গত ১৬ই আগষ্ট  
অনুষ্ঠিত একাডেমিক কাউন্সিলের  
সভায় সুপারিশকৃত একাডেমিক  
অর্ডিন্যান্স '৯৪, ২৮শে আগষ্ট  
তারিখে অনুষ্ঠিত সিন্ডিকেট সভায়  
অনুমোদিত হয়। একাডেমিক  
অর্ডিন্যান্স '৯৪ মোতাবেক ১০০  
নম্বরের “ইসলামী শিক্ষা”, ৫০  
নম্বরের “বাংলাদেশ ষ্টাডিজ” ও  
৫০ নম্বরের “বাংলা ভাষা/আরবী  
ভাষার” সমন্বয়ে “বিশ্ববিদ্যালয়  
কোর্স” গঠিত এবং এই কোর্সের  
প্রাপ্ত নম্বর অনার্স নম্বরের সহিত  
যোগ হওয়ার কথা।

ইসলামী ছাত্র শিবির সমন্বিত  
সাধারণ ছাত্র পরিষদ এই সিদ্ধা-  
ন্তের প্রতিবাদ জানাইয়াছে এবং  
“বিশ্ববিদ্যালয় কোর্সকে” “অনার্স  
কোর্স” হিসাবে গ্রহণ না করা  
পর্যন্ত লাগাতার আন্দোলন চালা-  
ইয়া যাইবে বলিয়া জানাইয়াছে।

অপরদিকে সর্বদলীয় ছাত্র একা  
সমন্বিত “প্রস্তাবিত সিলেবাস প্রতি-  
রোধ কমিটি” এই সিদ্ধান্তের  
ব্যাপারে কোন প্রতিক্রিয়া ব্যক্ত  
না করিলেও ১০০ নম্বরের  
“ইংরেজী ভাষা”র বিষয়টি বিবেচনা  
করিবে বলিয়া জানাইয়াছে।